প্রেতশিলা মন্দির, গয়া

– ধ্রুব দত্তচৌধুরী

আমার গয়ার নাম অনেকেই শুনেছি, আবার আমাদের মধ্যে অনেকে গেছিও। গয়ার মূল আকর্ষণ হল পিতৃপুরুষদের উদ্দেশ্যে পিন্ডদান। এটি ভারতবর্ষের বিহারের রাজধানী পাটনা থেকে প্রায় ১০০ কি.মি. দূরে অবস্থিত একটি প্রাচীন শহর। এই গয়াতে মোট তিনটে পর্বত খুব বিশিষ্ট, যথা ব্রহ্মযোনী, প্রেতশিলা এবং রামশিলা।

ওই প্রেতশিলা পর্বতে একটি মন্দির আছে এবং পিতৃপুরুষদের উদ্দেশ্যে পিন্ডদান করা হয়। এই প্রেতশিলা মন্দির থেকে প্রায়ে ১০ কি.মি. দক্ষিণে ফাল্গু নদীর তীরে অবস্থিত শ্রীশ্রীবিষ্ণুপদ মন্দিরে রাখা ভগবান বিষ্ণুদেবের ৪০ সেনটিমিটার পাদপদ্ম-র কথা প্রায় সক্কলের জানা।

শ্রীশ্রীবিষ্ণুপদ মন্দির

পচিমবঙ্গের উত্তর-কলকাতার প্রসিদ্ধ হাটখোলার দত্ত পরিবারের শ্রীযুক্ত মদনমোহন দত্ত মহাশয় ১৭৪৪ খ্রিস্টাব্দে সেই প্রেতশিলা পর্ব্বতশিখর ব্যাপি বিস্তৃত সোপানশ্রেণি, যাত্রিনিবাস এবং অন্যান্য দেবালয়াদি নির্ম্মাণ করে অক্ষয়কীর্ত্তি রেখে গেছেন।

এই প্রসঙ্গে শ্রীকেদারনাথ দত্ত ওরফে শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের রচিত "দত্ত বংশমালা"-র দ্বিতীয় সংস্করণে বলা আছে যে মুজঃফরপুর পরগনার (বর্তমান আন্দুল, মহিয়াড়ী, আড়গড়ী, ঝোড়হাট, সাঁকরাইল, ধূলোগড়ী, জালা কেন্দুয়া, ইত্যাদি নিয়ে ছিল এই পরগনা) জমিদার ভরদ্বাজ গোত্রীয় দত্তচৌধুরী কুলের প্রতিষ্ঠাতা দেবদাস (তেকড়ী) দত্তের প্রপৌত্র পবিত্রাত্মা কামদেব মহাশয় গয়াধামে পিতৃশ্রাদ্ধ মানসে প্রেতশিলা পর্ব্বতারোহন করতে অত্যন্ত কষ্ট অনুভব করেছিলেন। সেই জন্য তিনি ফাল্গু নদীর তীরে অবস্থিত শ্রীশ্রীবিষ্ণুপদ মন্দিরে রাখা ভগবান বিষ্ণুদেবের পাদপদ্মে প্রার্থনা জানান যে -

" হে ভগবান্ বাঞ্ছাকল্পতরু, হে সর্ব্বকল্যানের আকার শ্রীহরি, তোমার এই পবিত্র পতিত উদ্ধারকারী পুণ্য পাদপদ্মতীর্থ দর্শনকামী নিষ্ঠ ভক্তগণের পর্ব্বত আরোহন কষ্ট লাঘব করার জন্য এই শৈলদেশে সোপান নির্ম্মাণ করার ক্ষমতা আমাকে দাও। এই পরিণত বয়সে স্বল্প আয়ুস্কালের মধ্যে যদি এটা আমার দ্বারা সম্ভব না হয় তবে যেন আমার বংশজাত অন্য কারুর দ্বারা আমার এই ইচ্ছা পূর্ণ হয়। "

এই প্রার্থনা পর ব্রাহ্মণবেশধারী শ্রীশ্রীনারায়ণ স্বপ্নে কামদেব চৌধুরীকে প্রত্যাদেশ করেন যে, *'তোমার ভবিষ্য-বংশীয়গণ দ্বারা তোমার ইচ্ছা যথাকালে আশাতীত রূপে সফল হবে।'*

ভগবৎ আদেশ কখনও ব্যর্থ হয়না। কামদেব দত্তচৌধুরীর কুলতিলক শ্রীযুক্ত মদনমোহন দত্ত মহাশয় প্রেতশিলা পর্ব্বতশিখর ব্যাপি সিঁড়ি, যাত্রিনিবাস এবং অন্যান্য দেবালয়াদি নির্ম্মাণ করে গেছেন।

(from left) Pret-shila temple at Pret-shila hill and the long flight of steps leading up to the temple, which were built at the expense of Shri Madan Mohan Dutta of Hatkhola.